বাবার নাম পরিবর্তন করায় ছাত্রলীগ সভাপতির বিরুদ্ধে মামলা

বাবার নাম পরিবর্তন করে ছাত্রলীগের পদ লাভ করার অভিযোগে ঢাকা মহানগর উত্তর ছাত্রলীগের সভাপতি মো. ইব্রাহিমের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

গত বছরের ৩১ জুলাই ইব্রাহিমকে সভাপতি করে ঢাকা মহানগর উত্তর ছাত্রলীগের কমিটি ঘোষণা করা হয়। এরপরই অভিযোগ ওঠে ইব্রাহিমের বিরুদ্ধে।
ইব্রাহিমের বিরুদ্ধ অভিযোগ, ঢাকা মহানগর উত্তরের সভাপতি প্রার্থী হতে মনোনয়নপত্রের সঙ্গে যে জাতীয় পরিচয়পত্র (এনআইডি) দিয়েছেন তা ভুয়া। মূলত নিজের বয়স ২৮ বছরের মধ্যে রাখতে গিয়ে তিনি নিজের প্রকৃত এনআইডি জমা না দিয়ে ভুয়া পরিচয়পত্র জমা দিয়েছিলেন।

এবারের সম্মেলনের আগে সিদ্ধান্ত অনুযায়ী, ছাত্রলীগের কমিটিতে পদ পাওয়ার জন্য বয়সসীমা ছিল ২৭ বছর। পরে বয়সসীমা এক বছর বাড়িয়ে ২৮ বছর করা হয়। কিন্তু জাতীয় পরিচয়পত্র অনুযায়ী ইব্রাহিমের বয়স ২৯ বছর পেরিয়ে যায়।